

## ■■ শুতাবুল ঈমান (ঈমানের শাখাসমূহ)

বিভাগ/অধ্যায়ঃ ঈমানের শাখাসমূহ রচয়িতা/সঙ্কলকঃ ইমাম বাইহাকী

শাখা-৬২. সালামের জবাব দেয়া

আল্লাহ সুবহানাহু তা'আলা বলেন

وَإِذَا حُيِّيتُم بِتَحِيَّةٍ فَحَيُّوا بِأَحْسَنَ مِنْهَا أَقْ رُدُّوهَا

কেউ যখন যথাযোগ্য সম্মানের সাথে তোমাদেরকে সালাম দেবে তোমরা আরও উত্তমভাবে তার জবাব দাও। অন্ততঃ অনুরূপভাবে তো দিতেই হবে।[১]

আবু সাঈদ আল খুদরী (রাঃ) থেকে বর্ণিত। রাসূলুল্লাহ (সা.) বলেছেন,

إِيَّاكُم وَالْجُلُوسَ في الطرُقاتِ فقَالُوا: يَا رسَولَ اللَّه مَالَنَا مِنْ مَجالِسنَا بُدُّ، نَتحدَّثُ فِيهَا، فَقَالَ رسولُ اللَّه صَلِّى اللهُ عَلَيْهِ وسَلَّم: فَإِذَا أَبَيْتُمْ إِلاَّ الْمَجْلِس فَأَعْطُوا الطَّريقَ حَقَّهُ "قالوا: ومَا حَقُّ الطَّريقِ يَا رسولَ اللَّه؟ قَالَ: "غَضُّ اللهُ عَلَيْهِ وسَلَّم: فَإِذَا أَبَيْتُمْ إِلاَّ الْمَجْلِس فَأَعْطُوا الطَّريقَ حَقَّهُ "قالوا: ومَا حَقُّ الطَّريقِ يَا رسولَ اللَّه؟ قَالَ: "غَضُّ الْبُصَر، وكَفُّ الأَذَى، ورَدُّ السَّلام، وَالأَمْرُ بالْمعْروف، والنَّهي عن الْمُنْكَرَ

তোমরা রাস্তার মধ্যে বসো না। সাহাবাগণ বললেন, হে আল্লাহর রাসূল! না বসে তো আমাদের চলে না, আমরা সেখানে বসে পরস্পর কথাবার্তা বলি। তখন রাসূলুল্লাহ (সা.) বললেন, ঠিক আছে রাস্তার পাশে যখন বসবেই তখন রাস্তার হক আদায় করবে। তারা জিজ্ঞেস করলেন, রাস্তার হক আবার কী? তিনি বললেন, দৃষ্টিকে নিয়ন্ত্রণে রাখা, কারও কষ্টের কারণ না হওয়া (অর্থাৎ কাউকে বিরক্ত না করা), সালামের জবাব দেয়া, সৎ কাজের নির্দেশ এবং নিষিদ্ধ কাজ থেকে বিরত রাখা।[২]

## ফুটনোট

- [১]. সূরা আন নিসা, আয়াত : ৮৬।
- [২]. ইমাম বাইহাকী, নিজস্ব সনদে।

Source — https://www.hadithbd.com/books/link/?id=12360

🧕 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন